

هُود | Hud | مُعِجَ ا

আয়াতঃ ১১:৬৫

া আরবি মূল আয়াত:

فَعَقَرُوهَا فَقَالَ تَمَتَّعُوا فِي دَارِكُم ثَلْثَةَ آيَّامٍ اللَّهَ وَعدٌ غَيرُ مَكذُوبٍ هَعَقُرُوهَا فَقَالَ تَمَتَّعُوا فِي دَارِكُم ثَلْثَةَ آيَّامٍ اللهِ وَعدٌ غَيرُ مَكذُوبٍ هَمَ

অতঃপর তারা তাকে হত্যা করল। তাই সে বলল, 'তোমরা তিন দিন নিজ নিজ গৃহে আনন্দে কাটাও। এ এমন এক ওয়াদা, যা মিথ্যা হবার নয়'। — আল-বায়ান

কিন্তু তারা উদ্রীটির পাগুলো কেটে ফেলল। তখন সে তাদেরকে বলল, 'তোমরা তোমাদের ঘরে তিনটি দিন জীবন উপভোগ করে নাও, এটা এমন এক ও'য়াদা যা মিথ্যে হতে পারে না।' — তাইসিরুল

অনন্তর তারা ওকে মেরে ফেলল। তখন সে বললঃ তোমরা নিজেদের ঘরে আরও তিন দিন বাস করে নাও; এটা ও'য়াদা, যাতে বিন্দুমাত্র মিথ্যা নেই। — মুজিবুর রহমান

But they hamstrung her, so he said, "Enjoy yourselves in your homes for three days. That is a promise not to be denied." — Sahih International

৬৫. কিন্তু তারা এটাকে হত্যা করল। তাই তিনি বললেন, তোমরা তোমাদের ঘরে তিন দিন জীবন উপভোগ করে নাও। এটা এমন এক প্রতিশ্রুতি যা মিথ্যা হবার নয়।(১)

(১) অর্থাৎ তারা যখন নিষেধাজ্ঞা লজ্ঘন করে উদ্ভীকে হত্যা করল তখন তাদেরকে নির্দিষ্টভাবে জানিয়ে দেয়া হল যে, মাত্র তিন দিন তোমাদিগকে অবকাশ দেয়া হল এ তিন দিন অতিবাহিত হওয়ার সঙ্গে সঙ্গেই তোমরা ধ্বংস হয়ে যাবে। আর সেটা ঘটবেই। [মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

- (৬৫) কিন্তু তারা ওকে মেরে ফেলল। তখন সে বলল, 'তোমরা নিজেদের ঘরে আরো তিনটি দিন জীবন উপভোগ করে নাও। এ একটি এমন প্রতিশ্রুতি যাতে বিন্দুমাত্র মিথ্যা নেই।' [1]
 - [1] কিন্তু সেই যালেমরা এমন উত্তম মু'জিয়া দেখার পরেও শুধু ঈমান থেকে দূরেই থাকেনি; বরং প্রকাশ্যভাবে আল্লাহর আদেশের সীমালজ্যন করে (সেই উটনীর পা কেটে) তাকে মেরে ফেলল। তার পরে তাদেরকে তিন দিন সময় দেওয়া হল এই বলে যে, তিন দিন পর তোমাদেরকে আল্লাহর আয়াব দ্বারা ধ্বংস করে দেওয়া হবে।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1538

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন